গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপ পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
cdb.rangpurdiv.gov.bd

কৃষিই সমৃদ্ধি

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | এবি এম মাহমুদ হাসান<br>বীজ উৎপাদন বিশেষজ্ঞ |
| সভার তারিখ | **০৫ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ** |
| সভার সময় | **দুপুর ১২.০০ ঘটিকা** |
| স্থান | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, রংপুর |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

১। বিগত ০৫/১২/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের ২০২৪-২৫ অর্থ-বছরের ২য় ত্রৈমাসিকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.২ ক্রমিক মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর অঞ্চলের উপপরিচালক মহোদয়ের প্রতিনিধি জনাব এ, বি, এম মাহমুদ হাসান, বীজ উৎপাদন বিশেষজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুর। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তিনি চলতি ২০২৪-২৫ অর্থবছরের তুলা উন্নয়ন বোর্ড, উত্তরাঞ্চল তথা রংপুর জোনের অংশীজনদের সামনে এ অঞ্চলের তুলা উৎপাদনের কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করে বলেন, বাংলাদেশ তুলা উৎপাদন ও গবেষণা কার্যক্রম চলমান রাখার পাশাপাশি তুলা উন্নয়ন বোর্ড সরকার কর্তৃক নির্ধারিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সর্বদা সচেষ্ট রয়েছে ।

২। সভাপতি তুলা উন্নয়নে বোর্ড, উত্তরাঞ্চলের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করার জন্য আঞ্চলিক কার্যালয় রংপুরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট জনাব এস. এম. জাকারিয়া কে অনুরোধ করেন। জনাব এস. এম. জাকারিয়া মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত ও সদর দপ্তর হতে প্রেরিত মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ।

৩। রংপুর জোনের প্রধান তুলা কর্মকর্তা জনাব ড. মোঃ জাহাঙ্গীর আলম তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা সম্পর্কে আলোকপাত করে জানান, দূনীতি মুক্ত কর্মপরিবেশ বজায় রেখে এবং যথাযথ শুদ্ধাচার অবলম্বন করে সকল সেবা গ্রহীতার চাহিদা পূরনে তার কার্যালয় তথা তুলা উন্নয়ন বোর্ড , রংপুর জোন সর্বদা সচেষ্ট রয়েছে। তিনি তার জোনের আওতাধীন সকল অংশীজনদের তুলা উন্নয়ন বোর্ডের সেবা সমূহ নির্দ্বিধায় এবং নিয়মাফিকভাবে গ্রহণ করার জন্য আহ্বান জানান ।

৪। রংপুর জোনের তুলা উন্নয়ন কর্মকর্তা জনাব মোছাঃ পারুল আক্তার বলেন, আর্থ-সামাজিক ও রাজনৈতিক উন্নয়ন এবং জবাবদিহিতামূলক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সুশাসন অত্যন্ত গুরুত্বপূর্ন । তিনি জানান, সুশাসন প্রতিষ্ঠায় সবচেয়ে বেশি যেটি দরকার তা হলো স্বচ্ছতা ও জবাবদিহিতা ।

৫। রংপুর জোনের তুলা উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হামিদ সরকার জানান প্রদর্শনী, প্রণোদনা সহ চাষিদের জন্য সকল বরাদ্দকৃত মালামাল সঠিক ভাবে তাদের মাঝে বন্টন করত: তুলার ফলন বৃদ্ধিতে সর্বোচ্চ সহযোগিতা নিশ্চিত করনের মাধ্যমে সেবা প্রদান করে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব।

৭। রংপুর জোনের তারাগঞ্জ ইউনিটের কটন ইউনিট অফিসার ছাইফুল ইসলাম জানান গত মৌসুমে তার ইউনিটে চাষীবর্গ তুলা চাষ করে ভাল ফলন পেয়েছেন। সামনে বছর তার ইউনিটে তুলা চাষ বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরোও বলেন গত মৌসুমে ভালো ফলন হওয়ায় চাষীদের মাঝে তুলা চাষে বেশে আগ্রহ বেড়েছে । অনেক চাষী তুলা চাষের পরবর্তী ফসল হিসাবে পাট,মরিচ,ভূট্টা,লাউ চাষ করতে আগ্রহী এবং পরের বছর সেই জমিতে পুনরায় তুলা চাষ করবেন বলে আশ্বাস দিয়েছেন।

৮। সভাপতি মহোদয় সুশাসন ও নৈতিকতা বিষয়ক একটি সার্বিক ফ্লোচার্ট উপস্থাপন করেন। তৃতীয় বিশ্বের উন্নয়ন ও শাসন প্রক্রিয়ায় সুশাসন একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ্য করে তিনি বলেন, অধিকার প্রতিষ্ঠা, সরকারের জবাবদিহিতা, নারীর ক্ষমতায়ন, দূর্নীতি দূরীকরণ, অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন সহ সব ক্ষেত্রেই সুশাসন জরুরি। ইউনিট ইনচার্জদের উদ্দেশ্যে করে তিনি বলেন প্রত্যেকের কাজের প্রতি দায়িত্বশীলতা বাড়াতে হবে। তুলা উৎপাদন বাড়াতে সবাইকে একযোগে কাজ করে যাওয়ার আহ্বান জানিয়ে সভাপতি মহোদয় বলেন, আমাদের কাজের ক্ষেত্রে আরোও নিষ্ঠাবান ও দায়িত্বশীল হতে হবে যাতে করে এ অর্থবছরে বিঘা প্রতি কাঙ্ক্ষিত ফলন অর্জন করা যায়। আর এ অর্জন নিশ্চিত করতে এ অর্থবছরে রংপুর অঞ্চল হতে উদ্ভাবিত সময় ভিত্তিক পরিচর্যা ছক এবং আগের অর্থবছরের উদ্ভাবিত মেসেঞ্জার অ্যাপ এর সঠিকভাবে ব্যবস্থাপনার জন্য ইউনিট ইনচার্জদের প্রতি তিনি প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়ঃ**

১। এ অঞ্চলের সকল কার্যালয়ের নিজ নিজ দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে হবে।

২। সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

২। প্রত্যেক ত্রৈমাসিকে হালনাগাদকৃত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৪। যদি কোন অভিযোগ পাওয়া যায় তা দ্রুত নিস্পত্তি করার প্রয়াস রাখতে হবে।

৫। তথ্য অধিকার বিষয়ক সেবা বক্স আপডেট রাখতে হবে।

৬।কোয়ার্টারভিত্তিক প্রতিবেদন যথাসময়ে উর্ধতন কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৭। কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উপস্থিতি

৩১-১২-২০২৪
এবি এম মাহমুদ হাসান
বীজ উৎপাদন বিশেষজ্ঞ

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.৫৫৮৫.৪০০.১৬.০০২.১৯.৪৫৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।
২। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড- রংপুর/ঠাকুরগাঁও/বগুড়া/রাজশাহী জোন।।

৩১-১২-২০২৪
এস. এম. জাকারিয়া
স্টোর কাম ফিল্ডম্যান (রুটিন দায়িত্ব)